

যদিও বিবাদ মধুর বড় স্মৃতিটি মোর কাছে,
এই স্মৃতিটি আগে যেন নিত্য হৃদয় মাঝে
জাগিয়ে তোলে অতীত স্মৃতি অচিন্দ দেশের টান,
জাগল মনে স্মৃতিটি কার পাগল করা প্রাণ!

শ্রীজহরলাল ঘোষ।

দ্বিতীয় বার্ষিক শ্রেণী।

বিজ্ঞান বিভাগ।

"ডি" শাখা।

তোমারই

(মুলতান একতারা)

(প্রভু) তোমারই হাতে গড়া এই বীণা
(তুমি) নিজ হাতে বাঁধ সুর।
ফত ধূলি তারে আপনার করে
যতনেতে কর দূর।

(আমি) ফেলে রেখে ছিছু আধারের মাঝে
(তাই) ভেঙে গেছে বীণা নাহি আর বাজে
আপনার করে
তুলে লও এরে
সুরে কর তরপুর।

(আমি) বাজায়ে ছিলাম হয়ে আনমনা
(এ যে) তোমার যন্ত্র মনে তা ছিলনা
তাই এ বীণার
ছিড়ে গেছে তার
দর্প হয়েছে চূর।

(আমি) তুলে দিই পুনঃ তোমার ও করে
(তুমি) বাজাও হে নাথ পঞ্চম সুরে
পুলকিত মনে
সুললিত তানে
অযসাদ করি দূর।

শ্রীতারাচরণ দাশ

প্রথম বার্ষিক শ্রেণী

বিজ্ঞান বিভাগ, "B", শাখা।